

# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড

কদমতলী শাখা, চট্টগ্রাম।

## বন্ধককৃত সম্পত্তির নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি

(অর্থক্ষণ আদালত আইন-২০০৩ এর ১২ ধারা মোতাবেক)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স সুমন এন্টারপ্রাইজ, মালিক-মোহাম্মদ বিল্লাল হোসেন, ঠিকানা-১১৫৪, এইচ. এম. রহমান পল্লী, পশ্চিম ধনিয়ালাপাড়া, ঢাকা ট্রাঙ্ক রোড, থানা-ডাবলমুরিং, চট্টগ্রাম, অত্র ব্যাংক হইতে গৃহীত ঋণ পরিশোধ না করিয়া ঋণ খেলাপী হওয়ায় খেলাপী ঋণ বাবদ ১৪.০৫.২০১৫ ইং পর্যন্ত সুদাসলে অত্র ব্যাংকের পাওনা মোট ৪,০৫,৩২,১৬১.৯৮ (চার কোটি পাঁচ লক্ষ বত্রিশ হাজার একশত একষট্টি এবং আটানব্বই পয়সা) মাত্র আনুষঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে অত্র ব্যাংকের বরাবরে বন্ধককৃত (১) মোহাম্মদ ইকবাল হোসেন (২) মোহাম্মদ বিল্লাল হোসেন, (৩) মোহাম্মদ ইমরান হোসেন, (৪) মোহাম্মদ এমদাদ হোসেন, সকলের পিতা-মৃত মোহাম্মদ আবুল কাশেম ও (৫) জাহানারা বেগম, স্বামী-মৃত মোহাম্মদ আবুল কাশেম, সকলের ঠিকানা-পশ্চিম নাছিরাবাদ, থানা-পাহাড়তলী, চট্টগ্রাম এর মালিকানাধীন নিম্ন তপসিলে বর্ণিত স্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/পেডে দরপত্র দাতাদের স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে :-

### স্থাবর সম্পত্তির তপসিল

- (১) জিলা- চট্টগ্রাম, থানা- সাবেক ডবলমুরিং হালে পাহাড়তলী, মৌজা- পশ্চিম নাসিরাবাদ, আর. এস. ১৪১ নং খতিয়ানের আর. এস. ৭২৮ (সাতশত আটশ) নং দাগের আন্দর সামিল পিএস  $\frac{১২৫}{১৪১}$  /১ নং খতিয়ানের ও নামজারী জমাভাগ পি.এস. ১২৫/৩ নং খতিয়ানের তৎসামিল বি.এস. ডি.পি. ৭৭ নং খতিয়ানের ও নামজারী জমাভাগ বি.এস. ৫২৫ ও ৭৭/১ নং খতিয়ানাদির বি.এস. ৬৬১ (ছয়শত একষট্টি), ৬৬৬ (ছয়শত ছেষট্টি), ৬৬৭ (ছয়শত সাতষট্টি), ৬৭০ (ছয়শত সত্তর) ও ৬৭১ (ছয়শত একাত্তর) নং দাগাদির আন্দর ০.১৬ একর ভূমি।
- (২) জিলা- চট্টগ্রাম, থানা- পাহাড়তলী, মৌজা- দক্ষিণ কাউলী, আর.এস. ১৫৭০ নং খতিয়ানের সামিল পিএস ১৫০৪/১৫৭০ নং খতিয়ানের আর.এস/পি.এস. ১৩৮৪ নং দাগের তৎসামিল বি.এস. ৯২৬ নং খতিয়ানের ও নামজারী জমাভাগ বি.এস. ৯২৬/১ নং খতিয়ানের বি.এস. ৫১৯ (পাঁচশত উনিশ) ও ৫২১ (পাঁচশত একুশ) নং দাগাদির আন্দর ০.২০ একর ভূমি, যাহার চৌহদ্দীঃ- উত্তরে-শামসুদ্দৌলাহ গং, দক্ষিণে-আবুল হাসেন গং, পূর্বে-আশরাফ আলী ও নূরুল আমিন গং এবং পশ্চিমে-হারুনুর রশিদ ও আশরাফ আলী গং।
- (৩) জিলা-চট্টগ্রাম, থানা- সাবেক ডবলমুরিং হালে পাহাড়তলী, মৌজা-পশ্চিম নাসিরাবাদ, আরএস ১৪১ ও ৩৫৫ নং খতিয়ানের আরএস ৭২২,৭২৩, ৭২৪ এবং ৭২৫ দাগাদির আন্দর সামিল পিএস ১২৬ নং খতিয়ানের পিএস ৭২২ দাগের আন্দর তৎসামিল বিএস ৩০৭ নং খতিয়ানের ও নামজারী জমাভাগ বিএস ৫২৫ নং খতিয়ানের বিএস ৬৬১ ও ৬৬৫ দাগাদির মধ্যে আপোষ চিহ্নিত দখল মতে আরএস ৭২২ (সাতশত বাইশ) নং দাগের সামিল বিএস ৬৬১ (ছয়শত একষট্টি) নং দাগের ০.০৬ একর ভূমি ও তদস্থিত পাঁচতলা বিশিষ্ট দালান, যাহার চৌহদ্দীঃ- উত্তরে-মোঃ আশরাফ আলীর বিক্রীত ভূমি, দক্ষিণে-বদিউল আলম সওদাগর, পূর্বে-মরহুম ইমাম শরীফের বাড়ী এবং পশ্চিমে-চলাচলের রাস্তা।

### নিলামের শর্তাবলী

- ১। আগামী ২২.০৬.২০১৫ ইং তারিখে বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, কদমতলী শাখা, চট্টগ্রাম এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৩.৩০ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২। প্রত্যেক দরপত্রদাতা, উদ্ধৃত দর অনূর্ধ ১০,০০,০০০/= (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/= (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ ৫০,০০,০০০/= (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে

উহার ১৫%, উদ্ধৃত দর ৫০,০০,০০০/= (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% সমপরিমাণ টাকার, জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, কদমতলী শাখা, চট্টগ্রাম এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল হইবে।

- ৩। অনূর্ধ্ব ১০,০০,০০০/= (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০(ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/= (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০(ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০(নব্বই) দিবসের মধ্যে দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পরিবেন।
- ৪। দরদাতা তফসিলে বর্ণিত ক্রমিক নং ১ হইতে ৩ এর মধ্যে এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন।
- ৫। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন-রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে।
- ৬। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৭। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

.....  
সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ও শাখা প্রধান  
ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড  
কদমতলী শাখা, চট্টগ্রাম।